# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোন ঃ ০২-২২৩৩৫৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd


নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২৩-২০২৪/৮৩০ তারিখঃ ০৪ জানুয়ারি ২০২৪

**বিষয়ঃ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তাদের নির্বাচনি ব্যয় পরিশোধের সুবিধার্থে সংশ্লিষ্ট তফসিলি ব্যাংক খোলা রাখা প্রসঙ্গে।**

সূত্র নং ঃ ডিওএস সার্কুলার লেটার নং- ০১ তারিখ ০৪ জানুয়ারি ২০২৪, ডিপার্টমেন্ট অব অফ সাইট সুপারভিশন, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (কপি সংযুক্ত)।

বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয় এর ০৩ জানুয়ারি ২০২৪ তারিখের স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪. ৩৬.০১৮.২৩ (অংশ-৭)-০৯ এর প্রেক্ষিতে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয়, রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার ও নির্বাচন সংশ্লিষ্ট বিভিন্ন কর্মকর্তা/কর্তৃপক্ষ কর্তৃক ভোটকেন্দ্র ও ভোট গ্রহণকারী কর্মকর্তা তথা নির্বাচন সংক্রান্ত ব্যয় নির্বাহের লক্ষ্যে ব্যাংক হতে নগদ অর্থ উত্তোলন এর সুবিধার্থে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতপূর্বক সীমিত সংখ্যক জনবল দিয়ে ঢাকা, চট্টগ্রাম ও অন্যান্য মহানগরীসহ জেলা ও উপজেলা পর্যায়ে বাংলাদেশ কৃষি ব্যাংক এর সংশ্লিষ্ট শাখা আগামী ০৫ ও ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ শুক্রবার ও শনিবার সাপ্তাহিক ছুটির দিন খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, যে সকল কর্মকর্তা/কর্মচারীকে ভোটগ্রহণকারী কর্মকর্তা বা নির্বাচনি দায়িত্ব প্রদান করা হয়েছে তাদেরকে উল্লিখিত ব্যাংকিং কাজে নিয়োজিত না করার জন্য নির্দেশনা দেয়া হলো।

০২। উল্লেখ্য, ০৫ ও ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ ছুটির দিন হওয়ায় ঐদিনসমূহে অফিসের কাজে উপস্থিত থাকার জন্য অত্র বিভাগ হতে ২০-১০-২০১৩ তারিখের জারীকৃত পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)অংশ-২/২০১৩-২০১৪/৬৪২ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক জন প্রতি কর্মকর্তাগণকে ৪০০/-(চার শত) টাকা এবং কর্মচারীগণকে ৩০০/-(তিন শত) টাকা হারে ভাতা প্রদান করা যাবে। তবে উক্ত তারিখে অফিসে উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ কোন যাতায়াত/মধ্যাহ্ন ভোজন ভাতা প্রাপ্য হবেন না।

০৪.০১.২৪

সংযুক্তি ঃ বর্ণনানুযায়ী ০১ (এক) পাতা।

(কে. এম. হাবিব-উন-নবী)
উপ-মহাব্যবস্থাপক

বিতরণঃ

০১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২৩-২০২৪/৮৩০ তারিখঃ ০৪ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/ স্থানীয় মুখ্য কার্যালয়।

০৪। সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উল্লিখিত দিনে যে সকল শাখা খোলা থাকবে সে সকল শাখাকে সিবিএস সিস্টেমে লেনদেনের সুযোগ ও সহযোগীতা প্রদান এবং পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ বিভাগকে অনুরোধ করা হলো।

০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৬। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৭। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক। যে সকল শাখা খোলা থাকবে তার তালিকা ০৪ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ এবং আইসিটি সিস্টেমস্ বিভাগ এ প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৯। শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

১০। নথি/মহানথি।

০৪/০১/২০২৪

(মোহাম্মদ মইনুল ইসলাম খান)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

**ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন**

**ডিওএস সার্কুলার লেটার নং-০১**

**তারিখ: ২০ পৌষ ১৪৩০ / ০৪ জানুয়ারি ২০২৪**

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তাদের নির্বাচনি ব্যয় পরিশোধের সুবিধার্থে সংশ্লিষ্ট তফসিলি ব্যাংক খোলা রাখা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয় এর ০৩ জানুয়ারি ২০২৪ তারিখের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩(অংশ-৭)-০৯ এর প্রেক্ষিতে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয়, রিটার্নিং অফিসার ও নির্বাচন সংশ্লিষ্ট বিভিন্ন কর্মকর্তা/কর্তৃপক্ষ কর্তৃক ভোটকেন্দ্র ও ভোট গ্রহণকারী কর্মকর্তা তথা নির্বাচন সংক্রান্ত ব্যয় নির্বাহের লক্ষ্যে ব্যাংক হতে নগদ অর্থ উত্তোলন এর সুবিধার্থে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতপূর্বক সীমিত সংখ্যক জনবল দিয়ে ঢাকা, চট্টগ্রাম ও অন্যান্য মহানগরীসহ জেলা ও উপজেলা পর্যায়ে তফসিলি ব্যাংক এর সংশ্লিষ্ট শাখা আগামী ০৫ ও ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ শুক্রবার ও শনিবার সাপ্তাহিক ছুটির দিন খোলা থাকবে। তবে যে সকল কর্মকর্তা/কর্মচারীকে ভোট গ্রহণকারী কর্মকর্তা বা নির্বাচনি দায়িত্ব প্রদান করা হয়েছে তাদেরকে উল্লিখিত ব্যাংকিং কাজে নিয়োজিত না করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(আরিফ হোসেন খান)
পরিচালক (ডিওএস)
ফোন ঃ ৯৫৩০০৯৩